চুয়াডাঙ্গা জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক আরাফাত রহমান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,একটি জেলার সুন্দরতম পরিবেশ সৃষ্টি হয় সেই জেলার আইনশৃঙ্খলা কমিটির বিশেষ ভূমিকা পালনের মাধ্যমে।

আইনশৃঙ্খলার উন্নয়ন, শহরের যানজট নিরসন, লাইসেন্সবিহীন ওষুধের দোকানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ, ভেজাল কসমেটিকস প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, মাদক সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তিতে বিচার ব্যবস্থা দীর্ঘসূত্রতা পরিহার করে দ্রুত বিচার সম্পন্ন এবং চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা, ভ্রাম্যমাণ মোবাইল কোর্ট পরিচালনাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত উপর তিনি গুরুত্বারোপ করেন।

এছাড়াও জেলার চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটি, জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি, ঔষুধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত জেলা অ্যাকশন কমিটি, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

জেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম বিপিএম (সেবা),চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহি অফিসার শামীম ভূইয়া সহ এসময় বিভিন্ন দপ্তরের সরকারি প্রধানগণ,, উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ কমিটির সদস্যদের অংশগ্রহনে জেলার বিভিন্ন আইন শৃঙ্খলা বিষয় নিয়ে আলোচনা করা হয়।

[redacted]

[redacted]

বর্তমানে সেখানে চিকিৎসাধীন রয়েছে। এঘটনায় ইনার আলী ও তার পরিবারের বিরুদ্ধে লিখিত অভিযোগ করেছেন ভুক্তভোগী ওই নারী।

এব্যাপারে কোটচাঁদপুর থানার দায়িত্বরত অফিসার এসআই হাসানুর জানান, মারপিটের ঘটনায় লিখিত অভিযোগ পেয়েছি। তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে।

হরিণাকুণ্ডুতে পান হাটে অতিরিক্ত অর্থ আদায় বন্ধের দাবিতে পানচাষীদের মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পানের হাটে বিক্রেতাদের নির্ধারিত টোল ছাড়াও অতিরিক্ত টাকা আদায় বন্ধের দাবিতে মানববন্ধন করেছে স্থানীয় পানচাষীরা।

গত শনিবার বিকাল ৫টায় উপজেলার তাহেরহুদা ইউনিয়নের ভবানীপুর পান হাটের কালীতলায় এই মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে মনোহরদীয়া ইউনিয়নের কৃষকলীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম গাজীপুর গ্রামের মোঃ আলম হোসেনসহ অংশ গ্রহণকারী পান চাষিরা বলেন, ভবানিপুর পান হাটে নিদিষ্ট হারে টোল আদায় করার পরেও কৃষকদের নিকট থেকে শতকরা ৫টাকা হারে অতিরিক্ত টাকা আদায় করা হয়। যা দীর্ঘ দিন ধরে চলে আসছে।

প্রতিবাদ জানালে ব্যাপারিরা পান কেনা বন্ধ করে দেয়। আমরা এই অবস্থা থেকে পরিত্রাণ চাই। এ ব্যাপার অভিযোগ দিলে ২০০৬ সালে কয়েকজন ব্যাপারীর জেল জরিমানা হয় এবং কিছু দিনের জন্য এই অতিরিক্ত টাকা আদায় বন্ধ ছিল।

পরে আবার পান ব্যাপারী কাসেম, খলিল, রজন, সুমন দে, ঝন্টু, সুজিত কুমারের নেতৃত্বে একটি সিন্ডিকেট করে আবার অতিরিক্ত ৫% আদায় শুরু করে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, এবার পান হাটের হাটের সরকারি ভ্যাটসহ ডাক হয়েছে ৩১ লাখ টাকা। সপ্তাহে প্রতি দিন হাট বসে এবং দিনে ২০ থেকে ২৫ লক্ষ টাকার পান বিক্রয় হয়। তাছাড়া পানের ভরা মৌসুমে এ বিক্রির পরিমাণ দ্বিগুণ হয়।

অত্র এলাকার কৃষকরা আরো জানান ঝিনাইদহ সদরে আরো পান হাট আছে। সেখানে ১০ হাজার টাকার পান বিক্রয় করলে শুধু ৩০ টাকা খাজনা লাগে, ঝিনাইদহ, হলিধানী, জালালপুর, বিন্নী পান হাট সহ আরো বিভিন্ন জায়গায় পানের হাট গুলো রয়েছে সেখানে অতিরিক্ত টাকা আদায় করে না।

কিন্তু ভবানীপুরসহ হরিণাকুণ্ডুর জোড়াদহ ও আমের চারা পান হাটে ১০ হাজার টাকার পান বিক্রয় করলে খাজনা ২০ ছাড়াও ৫ টাকা জোরপূর্বক ব্যাপারীরা আদায় করে। এই অতিরিক্ত অর্থ আদায় বন্ধের দাবিতে কৃষকদের পক্ষে স্থানীয় কৃষক বীর বসির আহম্মেদ জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ বিভিন্ন দপ্তরে লিখিত আবেদন করেছেন।

এব্যপারে জেলা কৃষি বিপণন কর্মকর্তা গোলাম মারুফ খান জানান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নেতৃত্বে বাজার মনিটরিং কমিটি আছে তারাই এসব দেখভাল করেন, তবে পান হাটে অতিরিক্ত টাকা আদায় করলে অবশ্য সেটা অন্যায় এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

তাহেরহুদা ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান মুঞ্জুর রাশেদ বলেন ব্যাপারীরা অতিরিক্ত আদায় করলেও দীর্ঘদিন ধরে এটা প্রচলিত রয়েছে হঠাৎ বন্ধ করতে গেলে বাজারের উপরে প্রভাব পড়বে। তবে ব্যাপারটি সুরাহা করা যায় কিনা আমি ঢাকা থেকে ফিরে এসে দুই পক্ষকে নিয়ে বসে চেষ্টা করবো।

এ ব্যাপারে ঝিনাইদহের জেলা প্রশাসক মনিরা বেগম বলেন, বিষয়টি আমি জানি। শোনার পর উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সেখানে পাঠিয়েছিলাম। এটি যেন বন্ধ হয় তার জন্য সকল প্রকার ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে আওয়ামীলীগের কাউন্সিল সমাবেশে দুটি পক্ষের সংঘর্ষে ৫ জন আহত

গাংনী উপজেলা আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিলের সমাবেশস্থলে দুপক্ষের নেতা কর্মীলাদের মাঝে ব্যাপক সংঘর্ষ হয়েছে।
কেন্দ্রীয় নেতৃবৃন্দ সমাবেশস্থলে পৌছানোর আগে এ সংঘর্ষের ঘটনা ঘটে। এতে প্রায় ৫ জন আহত হয়েছেন।
আহতদের মধ্যে মহিবুল ইসলাম(৪৫)নামের সাবেক এক সেনা সদস্য মারাত্বক আহত হয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে ভর্তি হয়েছেন। এসময় সমাবেশস্থলে ব্যাপক চেয়ার ভাঙচুরের ঘটনা ঘটে।
অঅজ রোববার (১০এপ্রিল) বেলা তিনটার সময় গাংনী হাইস্কুল মাঠে গাংনী উপজেলা আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিল উপলক্ষে আয়োজিত সমাবেশে এ সংঘর্ষের ঘটনা ঘটে।
একটি সূত্র মতে জানা গেছে, কাউন্সিলের সভাপতি প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগর কিছু কর্মী সমর্থক সাথে নিয়ে মঞ্চের সামনে এসেই হট্টগন্ডগোল শুরু করেন। এক সময় তার কয়েক জন কর্মী বর্তমান সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনকে উদ্যেশ্য করে নানাভাবে কটুক্তি ও গালিগালাজ করে। এসময় সংসদ সদস্যের কর্মী সমর্থকরা প্রতিবাদ করেন। এতে উভয়পক্ষের মধ্যে হাতাহাতি শুরু হয়। এসময় উচ্ছৃংখল কর্মী সমর্থকরা মঝ্চের সামনে থাকা প্রায় অর্ধ শত চেয়ার ভাঙচুর করেন। পরে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকসহ পুলিশের একটি টীম ঘটনাস্থল তাদের নিয়ন্ত্রণে নেন।
গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, কেন্দ্রীয় নেতৃবৃন্দ সমাবেশস্থলে আসার আগেই স্থানীয় দুটি পক্ষের নেতা কর্মীরা সংঘর্ষে লিপ্ত হন। পুলিশ ঘটনাস্থলে এসে উভয়পক্ষকে শান্ত করেন। পরে আবারো সমাবেশ শুরু হয়।
এব্যাপারে আওয়ামীলীগের নেতাকর্মীরা জানান, ডাক্তার নাজমুল হক সাগর সমাবেশ স্থলে এসেই তার উচ্ছৃংখল লোকজন দিয়ে একটা অস্থিতিশীল পরিবেশ তৈরী করেন। তিনি তো গাংনীর রাজনীতির সাথে কখনো ছিলেন না। হঠাৎ সভাপতির পদ নেওয়ার জন্য এত উঠে পড়ে লেগেছেন উনি। মানুষের সাথে ঠিকমত না মিসেই এভাবে আওয়ামীলীগের মত একটা বৃহৎ রাজনৈতিক দলের পদ পাবেন এটা ভাবতেই তো অবিশ্বাস্য মনে হচ্ছে। আজকে উনি লোকজন দিয়ে যে পরিস্থিতি তৈরী করেছেন এতে করে

তো আগামী দিনে একটা বাজে পরিস্থিতি তৈরী করবেন উনি।
এব্যাপারে নাজমুল হক সাগরের সাথে কথা বলার চেষ্টা করা হলে উনি কাউন্সিল অধিবেশনে থাকায় কথা বলা সম্ভব হয়নি।
এব্যাপারে গাংনী উপজেলা আওয়ামীলীগের সভিাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেছেন, আওয়ামীলীগ একটি বৃহৎ রাজনৈতিক দল। এখানে পদপদবীর জন্য চেষ্টা সবাই করতে পারেন।কিন্তু জনগণের পাশে না থাকলে তাদের মেনে নেবে কেনো। সভাচলাকালিন সময়ে সভাপতি প্রত্যাশী একজন প্রার্থী তার কিছু কর্মী সমর্থক নিয়ে সমাবেশ স্থলে এসেই অপ্রিতিকর পরিস্থিতি তৈরী করলেন।তার কিছু উচ্ছৃংখল লোকজন দিয়ে সমাবেশ বাঞ্চালের চেষ্টা করেছেন। এতে ক্ষিপ্ত হয়ে আওয়ামীলীগের তৃণমুল থেকে আসা লোকজন তাদের নিবৃত্ত করেছেন। আজকের কাউন্সিল অধিবেশন সমাবেশে গাংনী থানা পাড়া এলাকার মহিবুল ইসলাম নামের সাবেক একজন সেনা সদস্য একটি উচ্ছৃংখল পরিবেশ তৈরী করলে স্থানীয় নেতা কর্মী তাকে প্রতিহত করেছে শুনেছি।

মুজিবনগরে আমেরিকান কালো শকুন সহ ৩ জন পাচারকারী আটক

মেহেরপুরের মুজিবনগরে ৪ টি আমেরিকান কালো শকুন (ব্লাক ভালচার) সহ ৩ জন পাচারকারীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গত শনিবার বিকাল সাড়ে পাঁচটার দিকে মেহেরপুরের মুজিবনগর উপজেলার রতনপুর পুলিশ ক্যাম্পের সামনে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের অফিসার ইনচার্জ সাইফুল আলমের নেতৃত্বে, এসআই অজয় কুমার কুন্ডু, সুলতান মাহমুদ সহ সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালিত হয়। এসময় আমেরিকান কালো শকুন (ব্লাক ভালচার) সহ ৩ জন পাচারকারীকে আটক করা হয়।

আসামিরা হলেন, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের লিয়াজ মল্লিকের ছেলে জাকের আলী,মুনসুর আলী ছেলে আজগর আলী এবং গোপালনগর গ্রামের

আলাই মণ্ডলের ছেলে মুজিবুর রহমান।

মেহেরপুর ডিবি পুলিশের অফিসার ইনচার্জ সাইফুল আলম বলেন, তারা দীর্ঘদিন ধরে এসব বিদেশি পাখি ইন্ডিয়ায় পাচার করে আসছে। এরি ধারাবাহিকতায় শনিবার বিকেলে ৪টি আমেরিকান ব্লাক ভালচার ইন্ডিয়ায় পাচার করার উদ্দেশ্যে রওনা দিয়েছিল গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করেছি।

তিনি আরো বলেন, ৪টি পাখির বাজার মূল্য প্রায় ২ লক্ষ টাকা। কালো শকুন ইংরেজি নাম ব্লাক ভালচার এরা আমেরিকার কালো শকুন নামেও পরিচিত।

রবিবার মধ্যরাতে সেখানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্ব ভ্রাম্যমাণ আদালত বসানো হয়। ভ্রাম্যমাণ আদালত থেকে জানা গেছে, বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন ২০১২ এর ৩৪ এর ধারায় ৩ জনকে ১ বছর বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়।

রবিবার সকালে মুজিবনগর উপজেলা পরিষদের মাঠ থেকে আমেরিকান কালো শকুন গুলোকে অবমুক্ত করা হয়। এসময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগরের ওসি মোঃ মেহেদী রাসেল, এসআই অজয় কুমার কুন্ডু প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে পুলিশের দেওয়া ঘর পেলেন সখিনা খাতুন

“এখন পাকা ঘরে শুঁয়ে নিশ্চিন্তে ঘুমাবো, এটা ভাবতেই আমি আনন্দে আত্মহারা হয়ে যাচ্ছি। রোদ বৃষ্টি আর ঝড় ঝান্ডায় কতদিন আতংকে রাত ও দিন কাটিয়েছি। ঘরে বৃষ্টির পানি চুঁয়ে পড়ে ভিজে যেতো সব কিছু। রাত জেগে বসে থাকতাম। ঝড়ের মাঝেও জীবনের ঝুঁকি নিয়ে বসে কাটিয়েছি রাত। এখন আর সেটা হবেনা। পাল্টে যাবে আমার জীবনের চালচিত্র।” এভাবেই প্রতিক্রিয়া জানালেন পুলিশের কাছ থেকে ঘর পাওয়া গৃহহীন সখিনা খাতুন (৫০)।

মুজিববর্ষ উপলক্ষে গাংনী উপজেলার সানঘাট গ্রামের সলিম উদ্দীনের স্ত্রী অসহায় সখিনা পেলেন বাংলাদেশ পুলিশের দেয়া দৃষ্টিনন্দন বাড়ি ও জমি।

নিজের ঘর বাড়ি না থাকায় এক সময় স্থানীয় মেম্বর মজিরুদ্দীনের বাড়িতে থাকতাম। আমার স্বামী সলিম উদ্দীন লোকের জমিতে জনপাট খেটে খায়। দুই মেয়ে নিয়ে অভাব অনটন নিয়ে চলে আমার সংসার। এসময় তিনি পুলিশের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে পুলিশ বাহিনীর জন্য প্রাণ খুলে দোয়া করেন।

আজ রবিবার দুপুর ১২ টার সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জুম অনলাইনের মাধ্যমে নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক সার্ভিস ডেস্ক স্থাপন উদ্বোধন ঘোষণা করেন ও ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যম গৃহহীনদের জন্য নির্মিত গৃহ হস্তান্তর করেন।

সারাদেশের ন্যায় গাংনী থানাতেও হেল্পডেস্ক ও গৃহহীনদের জন্য নির্মিত গৃহ হস্তান্তর করা হয়। গাংনী থানা কমপ্লেক্সে স্থাপিত শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক সার্ভিস ডেস্ক স্থাপন উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুর রাজ্জাক, তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, সেকেন্ড অফিসার উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাক, ও পুলিশ অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন। থানাতে নারী ও শিশু নির্যাতন ডেস্ক সার্ভিসের জুমের মাধ্যেম শুভ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উল্লেখ্য, মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশের ৫১৯ টি থানায় ৫২০ টি বাড়ি প্রদান করেন।

মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুন্নু, সাধারণ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পুলিশ। গ্রেফতারকৃত মাহাবুল হক দর্শনা পৌর এলাকার রামনগর গ্রামের কালিদাসপুর পাড়ার মৃত লুৎফর রহমানের ছেলে।

এ অভিযানের সময় পুলিশি উপস্থিতি টেরপেয়ে পালিয়েছে মাহাবুল হকের সহযোগী দর্শনা কেরুজ কোয়ার্টারের এসপি কোয়ার্টারের বাসিন্দা নুরু মিয়ার ছেলে শাহিন।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিত্বে থানার অফিসার ও সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পুরাতন বাজার সর্বজননীন দূর্গা মন্দিরের সামনে।

এসময় ৪৫ বোতল ভারতীয় ফেন্সিডিল সহ মাহাবুলকে গ্রেফতার করা হয় এবং অভিযান কালে গ্রেফতারকৃত আসামীর এক সহযোগী পালিয়ে যায়।

উক্ত ঘটনায় দর্শনা থানায় মাদক উদ্ধার সহ একজনকে গ্রেফতার ও আরও একজনকে পালাতক আসামী দেখিয়ে মামলা দায়ের করা হয়েছে। গতকালই মাদক আইনে মামলাসহ মাহাবুলকে আদালতে সোপর্দ করেছে।

দর্শনা থানার নামে ফেক আইডি খুলে ফেজবুক প্রতারনা! হ্যাকার গ্রেফতার

দর্শনা থানার নামে ফেক ফেজবুক আইডি খুলে মানহানীকর মন্তব্য ও স্কিন শর্ট দিয়ে প্রতারনার করা হয়। এ অভিযোগে অভিযুক্ত হ্যাকার দর্শনা ঈশ্বরচন্দ্রপুরের তাহসিন ওরফে তুহিন (২৪) নামের এক যুবকে গ্রেফতার করেছে পুলিশ।

সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মাঝপাড়ার তাহাজ্জেল আলীর ছেলে। এব্যাপারে অভিযুক্তর বিরুদ্ধে দর্শনা থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা রুজু করে আসামীকে আদালতে সোপর্দ করা হয়েছে।

পুলিশ জানায়, দর্শনা থানা নামক ফেইসবুক আইডি যার আইডি লিংক

https: www.facebook.com/darsana.thana. ফেইসবুক আইডির প্রোফাইলের স্কিনশর্ট টাইমলাইনের স্কিনশর্ট কন্ট্রাক্ট ইনফো পাতার স্কিনশর্ট বিভিন্ন আইডি ও পেইজে মানহানিকর মন্তব্যর স্ক্রিন শর্ট খুলে বিভিন্ন সময়ে কয়েকদিন ধরে বিভিন্ন ব্যক্তির আইডি ফেসবুক হ্যাক করে আসছিল একটি চক্র।

এ চক্রকে ধরতে দর্শনা থানা পুলিশ শনিবার সকাল পৌনে ১০টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই টিপু সুলতান সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মাঝপাড়ায়।

এসময় মাঝপাড়ার তাহাজ্জেল আলীর বাড়ি অভিযান চালিয়ে ফেসবুক হ্যাক করার অপরাধে তার ছেলে তাহসিন ওরফে তুহিন (২৪) নামের এক যুবককে গ্রেফতার করে পুলিশ।

এসময় গ্রেফতারকৃতর দখল হতে ১টি স্যামস্যাং স্মার্ট মোবাইল ফোন সহ ব্যবহৃত ২টি সীমকার্ড জব্দ করেন। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৪(১)(ক)/২৯(১) ধারায় মামলা দায়ের করে গতকালই আসামীকে চুয়াডাঙ্গার আমলী আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গার খাসকররায় ২য় ধাপে টিসিবির পণ্য বিক্রয়

আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়নে নিম্নআয়ের মানুষের মাঝে ১ হাজার ৭৮ জনকে টিসিবির পণ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। শনিবার দিনব্যাপী সরকারি ভর্তুকি মূল্যে এ পণ্য সামগ্রী বিতরণ করা হয়।

জানাগেছে, রমজান উপলক্ষে সরকারি ভাবে বিভিন্ন টিসিবির পণ্য সামগ্রী সুলভ মূল্যে বিক্রয় করা হয়। আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের উদ্যোগে ২য় ধাপে নিম্নআয়ের মানুষের মাঝে বিক্রয় করা হয়। মালামাল বিতরণ কার্যক্রমে দায়িত্বপালন করেন

মেসার্স কাজলী ট্রেডার্স।

পণ্য সামগ্রী বিক্রয়কালীন সময়ে উপস্থিত ছিলেন খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: তাছফির আহমেদ মল্লিক (লাল),

টিসিবি পন্য বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা রিসোর্স সেন্টারের কর্মকর্তা মো: জামাল হোসেন ইউনিয়ন ভূমি কর্মকর্তা সামসুদ্দীন, তিয়রবিলা ক্যাম্পের আইসি সালাউদ্দিন, ইউনিয়ন পরিষদের সচিব আশাদুল, সহ ইউ,পি সদস্যবৃন্দগণসহ আওয়ামীলীগের স্থানীয় নেতৃত্ববৃন্দ উপস্থিত ছিলেন।